দৈনিক জনকণ্ঠ

তারিখ APR. 5. 1999
পৃঃ কলাম

# চট্টগ্রাম ভার্সিটি আজ খুলছে ॥ উত্তপ্ত হচ্ছে ক্যাম্পাস

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ পবিত্র ঈদুল-আযহা উপলক্ষে ছুটি শেষে আজ সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পুনরায় খুলছে। ঈদের আমেজ কাটিয়ে দূরদূরান্তের আবাসিক ছাত্রছাত্রীরা ইতোমধ্যেই হলে ফিরতে শুরু করেছে।

এদিকে বন্ধের সময় বিশ্ববিদ্যালয়ে স্থাপিত মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক শিল্পকর্মে অগ্নিসংযোগ, ছাত্রলীগ নেতার ওপর হামলা এবং এক শিবির কর্মীকে গ্রেফতারের ঘটনায় ক্যাম্পাস পরিস্থিতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে। হলে ছাত্র সংগঠনের নেতাকর্মীদের উপস্থিতি বাড়ার সঙ্গে সঙ্গে উত্তেজনাও বৃদ্ধি পাচ্ছে। উক্ত ঘটনাগুলোকে কেন্দ্র করে ছাত্রলীগ ও শিবির পুনরায় যেকোন সময় সংঘাতে জড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। অপরদিকে ক্যাম্পাসে পুলিশের রহস্যজনক ভূমিকা নিয়ে ছাত্রছাত্রীসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনও উদ্বিগ্ন হয়ে পড়েছে বলে সূত্র জানায়। বিপুল পরিমাণ পুলিশের সামনে শিবিরের সন্ত্রাসীরা ২৫ মার্চ রাতে ক্যাম্পাসে স্থাপিত মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক শিল্পকর্ম আগুন দিয়ে জ্বালিয়ে দিলেও পুলিশ কাউকে দেখেনি বলে দায়িত্ব শেষ করেছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সহিংস ঘটনায় পুলিশের রহস্যজনক ভূমিকার কারণে সাধারণ ছাত্রছাত্রীরা ক্যাম্পাস থেকে পুলিশ অপসারণের দাবি তুলেছে।